দুর্নীতি দমন কমিশন
ঢাকা, বাংলাদেশ

"সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

স্মারক নং- দুদক/প্রতিরোধ/কার্টুন/১১/১৫/৩১৮৯৩(১৭২) তারিখ: ০৩/১১/২০১৫ খ্রি.

বিষয় : "দুর্নীতি বিরোধী কার্টুন প্রতিযোগিতা- ২০১৫" আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৯ ডিসেম্বর ২০১৫ তারিখ অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস উদযাপন উপলক্ষে দুর্নীতি দমন কমিশন **"দুর্নীতি বিরোধী কার্টুন প্রতিযোগিতা- ২০১৫"** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠ ও সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত আপনার আওতাধীন জেলার মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এবং জেলায় অবস্থিত শিল্পকলা একাডেমী ও চারুকলা ইনস্টিটিউটসমূহে প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রচার পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অতীব জরুরী।

২। উল্লেখ্য, আগামী ০৫ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে প্রতিযোগিতার নির্ধারিত নিয়মাবলী (সংযুক্ত) সকল শিক্ষা প্রতিষ্ঠানে/কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। কমিশনের সংশ্লিষ্ট সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক আপনার সাথে এতদবিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন।

৩। এ বিষয়ে আপনার সহযোগিতা কমিশনের একান্ত কাম্য।

সংযুক্ত: নিয়মাবলী- ০১ (এক) প্রস্থ।

(ড. মো: শামসুল আরেফিন)
মহাপরিচালক
(প্রতিরোধ ও গবেষণা)
ফোন: ৯৩৫৮৯৫১
Email : dgprevention@ gmail.com

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি :

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্রগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল।
৫. সিস্টেম এনালিষ্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (প্রতিযোগিতার বিষয়টি বিজ্ঞাপণ আকারে ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. উপপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়...................................(জেলা প্রশাসকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার অনুরোধসহ)।
৭. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রিকায় বিনা খরচে প্রেস রিলিজ হিসেবে প্রকাশের জন্য)।
৮. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৯. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়- এর সানুগ্রহ অবগতির জন্য)।
১০. কমিশনার তদন্ত/অনুসন্ধান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার তদন্ত/ অনুসন্ধান মহোদয়- এর সানুগ্রহ অবগতির জন্য)।
১১. জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক) (সকল) ....(প্রতিযোগিতা সংক্রান্ত জেলা প্রশাসকের সাথে সমন্বয় সাধনের অনুরোধসহ)।

মোঃ মনিরুজ্জামান
পরিচালক

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৫

০৯ ডিসেম্বর আর্ন্তজাতিক দুর্নীতি বিরোধী দিবস উপলক্ষে দুর্নীতি দমন কমিশন (দুদক) দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।

বিষয়: উন্মুক্ত, তবে শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার, ভূমি ও জলবায়ু অর্থায়নে সুশাসন সম্পর্কিত বিষয়কে অগ্রাধিকার দেয়া হবে।

পুরস্কার: দুটি স্তরে ১ম, ২য় ও ৩য় এই তিনজন বিজয়ীর জন্য একটি করে ক্রেস্ট ও একটি করে সনদসহ যথাক্রমে ৫০,০০০, ৩০,০০০ ও ২০,০০০ টাকা।

এছাড়া দু'টি স্তরে সান্তনা পুরস্কার হিসেবে মোট ১০ টি কার্টুনের জন্য সনদসহ প্রতিটি ক্ষেত্রে ৩,০০০ টাকা হিসেবে ব্যয় করা হবে।

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৫- এর জন্য ০৩ (তিন) জন বিচারক মন্ডলী থাকবেন। তাঁদের প্রত্যেকের সম্মানী হবে ১০,০০০/- (দশ হাজার) টাকা।

দু'টি বিভাগ/স্তরে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

'ক' বিভাগ- অনুর্ধ্ব ১৮ বছর

'খ' বিভাগ- ১৮ বছর বা তদুর্ধ্ব পর্যন্ত

অংশগ্রহণের নিয়মাবলী:

১. সমাজের বিভিন্ন স্তরের দুর্নীতির চিত্র এবং দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ের প্রতিফলন থাকতে হবে।

২. কার্টুনটি ২৪"×১৮" ইঞ্চি আকারের হতে হবে। কার্টুনটি পোর্ট্রেইট আকারে আঁকতে হবে। নির্দিষ্ট মাপের বাইরে বড় অথবা ছোট আকারের কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না।

৩. যে কোন মাধ্যমে কার্টুন (পেন্সিল স্কেচ, জল রং ইত্যাদি) জমা দেয়া যাবে এবং ক্যাপশন ব্যবহার করা যেতে পারে। **কম্পিউটারে অংকিত কার্টুন গ্রহণযোগ্য নয়।**

৪. একজন প্রতিযোগী একাধিক কার্টুন পাঠাতে পারবেন। ভাঁজহীন অবস্থায় কার্টুনটি এমনভাবে পাঠাতে হবে যেন এতে আঁচড় না পড়ে। খামের উপরে **'দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৫'** ও **'বিভাগ'** উল্লেখ করতে হবে।

৫. কার্টুনটি কাগজের যে পাশে আঁকা হবে তার অপর পাশে পেন্সিলে স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী বাংলা ও ইংরেজিতে নিজের নাম এবং বয়স লিখতে হবে।

৬. এক কপি ছবি (পাসপোর্ট সাইজ), বয়সের প্রত্যয়নপত্র (স্কুল কর্তৃক বয়সের প্রত্যয়ণপত্র/জাতীয় পরিচয়পত্র/মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার সনদপত্র অথবা পাসপোর্টের ফটোকপি), যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর পাঠাতে হবে।।

৭. সকল কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে। প্রত্যেক কার্টুনিস্টকে তার কার্টুনটি কোন প্রতিযোগিতায় জমা দেয়া হয়নি এবং অন্য কোন কার্টুনের অনুকরণে অংকিত হয়নি এবং অন্যকে দিয়ে আঁকানো হয়নি এই মর্মে একটি অঙ্গীকারনামা কার্টুনের সাথে সংযুক্ত করতে হবে। পরবর্তীতে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে উক্ত পুরস্কার বাতিল হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ক্রেস্ট ও সনদ দুদক' কে ফেরত দিতে হবে।

৮. প্রতিযোগিতায় দুদক' এর মনোনীত বিচারকমন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯. প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল কার্টুনের স্বত্ব দুদক কর্তৃক সংরক্ষিত হবে এবং দুদক এগুলোর সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে।

১০. দুদকের কর্মকর্তা/কর্মচারী ও তাদের নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

কার্টুন পাঠানোর শেষ তারিখ: ৩০ নভেম্বর ২০১৫

পাঠানোর ঠিকানা:

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০১৫

কক্ষ নং: ৩০৭, প্রতিরোধ ও গবেষণা অনুবিভাগ

দুর্নীতি দমন কমিশন, ১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোন: ৯৩৫৮৯৫১

ই-মেইল: dg.prevention@acc.org.bd

www.acc.org.bd

০৩.১১.২০১৫

মোঃ মনিরুজ্জামান
পরিচালক